6/6/2010

তারিখ : 08 JUL 2010
পৃষ্ঠা ১৩ কলাম ১

যায়যায়দিন

# বিপাকে এমপিওবঞ্চিত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানরা

-পীরগঞ্জ (রংপুর) সংবাদদাতা

রংপুরের পীরগঞ্জে প্রায় অর্ধশতাধিক শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানরা এমপিওভুক্তির তালিকা থেকে বাদ পড়ায় বিপাকে পড়েছেন। বঞ্চিত ও প্রতারিত প্রতিষ্ঠানের শিক্ষকরা এ বিষয়ে পীরগঞ্জ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জাহাঙ্গীর চৌধুরীকে হন্যে হয়ে খুঁজছেন। পাশাপাশি জাহাঙ্গীরের বিরুদ্ধে বিভিন্ন মহলে নিন্দার ঝড় উঠেছে। তিনি এমপিওভুক্তির নামে বিশাল অঙ্কের অর্থ নিয়ে গা-ঢাকা দিয়েছেন কি-না এ নিয়েও প্রশ্ন উঠেছে এলাকায়। পীরগঞ্জে প্রায় অর্ধশত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান এমপিভুক্ত না হওয়ায় বছরের পর বছর ধরে শিক্ষক-কর্মচারীরা মানবেতর জীবনযাপন করছেন। সম্প্রতি দুদফা এমপিওভুক্তির তালিকা পুনর্মূল্যায়ন করার ঘোষণায় এমপিওভুক্তি নিয়ে পীরগঞ্জে সম্পাদক জাহাঙ্গীর চৌধুরীসহ উপজেলা আওয়ামী লীগ নেতৃত্বের একটি অংশ রমরমা বাণিজ্য করে। এদিকে সম্প্রতি সরকারিভাবে প্রকাশিত এমপিওভুক্তির তালিকায় বেশ কিছু প্রতিষ্ঠানের নাম না থাকায় অর্থ-বাণিজ্যের বিষয়টি ফাঁস হয়ে পড়ে।



উপজেলায় ২০টি নিম্ন-মাধ্যমিক বিদ্যালয়, আটটি মাদ্রাসা এবং পাঁচটি কলেজ দীর্ঘদিন ধরে এমপিওভুক্তির অপেক্ষায় রয়েছে। এসব প্রতিষ্ঠানের প্রধানরা বিভিন্ন চক্রের পাশাপাশি আওয়ামী লীগ সম্পাদক জাহাঙ্গীরের ফাঁদে পড়ে সর্বস্ব খুইয়ে এখন দিশাহারা। বর্তমান প্রকাশিত তালিকা অনুযায়ী এবার পীরগঞ্জের মাত্র সাতটি প্রতিষ্ঠান এমপিওভুক্ত হয়। নাম না প্রকাশের শর্তে একাধিক শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান জানান, সম্পাদক জাহাঙ্গীরসহ সরকারি দলের কয়েকজন এমপিওভুক্তির নামে মোটা অঙ্কের উৎকোচ নিয়েও আমাদের কাজ করেনি। এদিকে জাহাঙ্গীর সম্প্রতি এক মতবিনিময় সভায় অভিযোগের বিষয় অস্বীকার করে বলেন, কোনো শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান বলতে পারবেন না যে তাদের কাছ থেকে কোনো টাকা নেয়া হয়েছে।